

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৫৪৬

আগরতলা, ৪ নভেম্বর, ২০২৩

শবদেহের অস্তেষ্টিক্রিয়ায় রাজ্যে ২১টি বৈদ্যুতিক চুল্লি

শবদেহের অস্তেষ্টিক্রিয়া মসৃণ ও পরিবেশবান্ধব করে তোলার লক্ষ্যে নগর উন্নয়ন দপ্তর রাজ্যে ২১টি বৈদ্যুতিক চুল্লি নির্মাণ করার অনুমোদন দিয়েছে। রাজ্যের বিভিন্ন নগর এলাকায় এই বৈদ্যুতিক চুল্লিগুলি নির্মাণ করা হবে। স্পেশাল অ্যাসিস্টেন্স ফর ক্যাপিটেল ইনভেস্টমেন্ট ফর অল আর্বাণ লোকাল বডিস প্রকল্পে এই চুল্লিগুলি নির্মাণে ব্যয় হবে ২৩.৩৬ কোটি টাকা। প্রতিটি চুল্লি নির্মাণে ব্যয় হবে ১.১ কোটি টাকা। নগর উন্নয়ন দপ্তরের যুগ্ম সচিব রজত পন্থ আজ এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন। প্রেস রিলিজে জানানো হয়েছে প্রথাগত অস্তেষ্টি পর্বের চেয়ে বৈদ্যুতিক চুল্লি অনেক বেশী পরিবেশবান্ধব হিসেবে পরিচিত। এতে পরিবেশ দূষণ অনেক কম হয়। পাশাপাশি বৈদ্যুতিক চুল্লিতে অস্তেষ্টিপর্ব অনেক দ্রুত সম্পন্ন হওয়ায় শবদেহের সঙ্গে আসা লোকজনকে অনেক কম সময় শশানে কাটাতে হয়। অস্তেষ্টিপর্বকে অধিকতর স্বাস্থ্যকর করে তোলার লক্ষ্যে বৈদ্যুতিক চুল্লিতে অনেক আধুনিক সুবিধা রয়েছে। বিবৃতিতে বলা হয়েছে প্রফেসর (ডা.) মানিক সাহার নেতৃত্বাধীন সরকার রাজ্যবাসীর কাছে আধুনিক ও উন্নত পরিষেবা পৌঁছে দিতে বদ্ধপরিকর। এই লক্ষ্যেই বৈদ্যুতিক চুল্লি স্থাপনের এই উদ্যোগ নেওয়া হয়েছে। কয়েকটি নগর এলাকায় এই বৈদ্যুতিক চুল্লি নির্মাণের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে।
